২৩ ডিসেম্বর ২০২১ইং তারিখে অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদের প্রথম সভার কার্য বিবরণীঃ

সভার সভাপতি :জনাব এ.কে এম নুরুল আমিন, চেয়ারম্যান, ৩নং চর লরেঞ্চ ইউনিয়ন পরিষদ, কমলনগর, লক্ষ্মীপুর।

সভার তারিখ ঃ ২৩-১২-২০২১খ্রিঃ রোজ ঃ বৃহস্পতিবার, সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা ।

সভার স্থান ঃ ৩নং চর লরেঞ্চ ইউপি অস্থায়ী কার্যালয়(করইতলা বাজার) সংলগ্ন।

সভায়উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দঃ উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ তালিকা (পরিশিষ্ট "ক")

আলোচ্য বিষয় ঃ

০১। পবিত্র কোরআন থেকে তেলেওয়াত।
০২। পারস্পরিক পরিচিতি,মতবিনিময় ও স্বাগত বক্তব্য।
০৩। দ্বায়িত্ব হস্তান্তর ও গ্রহন।
০৪। মাসিক সভার তারিখ নির্ধারণ ।
০৫। গ্রাম আদালতের তারিখ নির্ধারণ।
০৬। ব্যাংক হিসাব সমুহের স্বাক্ষরপরিবর্তন।
০৭। প্যানেল চেয়ারম্যান গঠন সংক্রান্ত আলোচনা।
০৮। আইন .বিধি,পরিপত্র ও নির্দেশনা সম্পর্কে আলোচনা।
০৯। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ

০১। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ঃ

অদ্য কার সভায় সভাপতিত্ব করেন নবনির্বাচিত চেয়ারম্যান জনাব, এ.কে এম নুরুল আমিন । সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন জনাব আবু ছিদ্দিক ইউপি সদস্য ০৫নং ওয়ার্ড,তিনি অত্র ইউনিয়ন পরিষদের সরকারি ও সার্বিক কার্যক্রম পরিচালনায় সকলের আন্তরিক সহযোগীতা কামনা করেন। এরপর সভাপতি মহোদয় ইউপি সচিব জনাব মোঃ সাইফুল ইসলাম সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

০২। পারস্পারিক পরিচিতি, মতবিনিময় ও স্বাগত বক্তব্য ঃ

প্রথমে ইউপি সচিব মোঃ সাইফুল ইসলাম নিজের পরিচয় প্রদান করেন। এরপর সকল সদস্য সহ উপস্থিত সকলকে নিজের পরিচয় প্রদান করার অনুরোধ জানান। সকল সদস্য সহ সংশ্লিষ্ট সকলে নিজের পরিচয় প্রদান করেন ও পারস্পারিক মতবিনিময় করেন। ইউপি সচিব মোঃ সাইফুল ইসলাম সভায় জানান বিগত ১১ নভেম্বর ২০২১ইং তারিখে নির্বাচন অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনের আলোকে ১৯-১২-২০২১খ্রি লক্ষ্মীপুর জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয় বিকাল ৩.৩০ ঘটিকায় শপথ অনুষ্ঠিত হয়। অদ্য ২৩-১২-২০২১খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকায় পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যেমে নব-নির্বাচিত পরিষদের প্রথম সভা অনুষ্ঠিত হচ্ছে। চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে অদ্যকার সভায় সকলকে স্বাগতম জানাচ্ছি। প্রথমেই নব নির্বাচিত চেয়ারম্যান ও সদস্যগণকে ফুলদিয়ে বরণ করেনিবেন ৩নং চর লরেঞ্চ ইউনিয়ন পরিষদের সচিব জনাব মোঃ সাইফুল ইসলাম এরপর ফুল দিয়ে বরণ করেনিচ্ছেন ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর উদ্যোক্তা জনাব তৈয়বুর রহমান। এরপর ইউপি সচিব সকলকে প্রাণবন্ত আলোচনায় অংশ নেওয়ার আহবান জানান।

০৩। দায়িত্ব হস্তান্তর ও গ্রহণঃ

ইউপি সচিব সভায় জানান স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর ৩০ নং ধারায় বলা আছে পরিষদ গঠনের পর পূর্ববর্তী চেয়ারম্যান বা প্যানেল চেয়ারম্যানের দায়িত্ব প্রাপ্ত সদস্য তাহার দখলে বা নিয়ন্ত্রণে থাকা পরিষদের সকল নগদ অর্থ, পরিসম্পদ, দলিল দস্তাবেজ, রেজিস্টার ও সীল মোহর যত শীঘ্র সম্ভব অথবা উপজেলা অফিসার কর্তৃক স্থীরকৃত তারিখ, সময় ও স্থানে নতুন

নির্বাচিত চেয়াম্যান বা ক্ষেত্র মত, মনোনীত প্যানেল চেয়ারম্যান বা চেয়ারম্যানের দায়িত্ব প্রাপ্ত সদস্যের নিকট পরিষদের সচিব ও উপজেলা নির্বাহী অফিসারের মনোনীত এক জনপ্রথম শ্রেণীর কর্মকর্তার উপস্থিতিতে বুঝাইয়া দিবেন। অদ্য কার সভায় দায়িত্ব হস্তান্তর ও গ্রহণ সর্ম্পকে ব্যাপক আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনা শেষে সাবেক চেয়ারম্যান জনাব, এ.এইচ.এম আহসান উল্যাহ হিরন সাহেবের সাথে আলোচনা করে অতি দ্রুত অন্যান্য রেকর্ড পত্র বুঝে নেওয়ার জন্য নব-নির্বাচিত চেয়ারম্যান সাহেব কে সিদ্ধান্ত প্রদান করা হয়।

০৪। মাসিক সভার তারিখনির্ধারণ ঃ

ইউপি সচিব সভায় জানান স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর ৪২ নং ধারার ১নং উপধারায় বলা আছে প্রত্যেক পরিষদের কার্যালয় প্রতি মাসে অন্যূন একটি সভা অনুষ্ঠানের ব্যবস্থা করিবে এবং উক্ত সভা অফিস সময়ের মধ্যে অনুষ্ঠিত হইবে। উক্ত বিষয়ে ব্যাপক আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনা শেষে সর্ব সম্মত সিদ্ধান্ত হয় যে, প্রত্যেক মাসের ১০তারিখে ইউনিয়ন পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হবে। উক্ত তারিখে সরকারি বন্ধ থাকিলে পরবর্তী খোলার দিন সভা অনুষ্ঠিত হবে।

০৫। গ্রাম আদালতের তারিখ নির্ধারণ ঃ

ইউপি সচিব সভায় জানান স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর গ্রাম আদালত বিধিমালা ২০১৬ এর বিধান অনুযায়ী গ্রাম আদালত পরিচালনা করা আবশ্যক। সরকারী অফিস খোলার দিন গ্রাম আদালত পরিচালনা করতে হবে। উক্ত বিষয়ে ব্যাপক আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনা শেষে সর্ব সম্মত সিদ্ধান্তহয় যে, প্রত্যেক সাপ্তাহের প্রতি শনিবার সকাল ১০.০০ ঘটিকায় ৩নং চর লরেঞ্চ ইউনিয়ন পরিষদে গ্রাম আদালত অনুষ্ঠিত হবে।

০৬। ব্যাংক হিসাব সমূহের চেক অপারেটর পরিবর্তনঃ

ইউপি সচিব সভায় জানান স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর ৪২ নংধারার ৫৩নং ধারার ১নং উপধারায় বলা আছে প্রত্যেক ইউনিয়ন পরিষদের জন্য সংশ্লিষ্ট পরিষদের নামে একটি তহবিল থাকবে। উক্ত বিষয়ে ব্যাপক আলোচনা অনুষ্ঠিতহয়। আলোচনা শেষে সর্ব সম্মত সিদ্ধান্ত হয় যে, অত্র ইউনিয়ন পরিষদের সকল ব্যাংক হিসাব নাম্বারের চেক অপারেটর নিম্নোক্ত ছকের ৪নং ক্রমিকে বর্নিত ব্যক্তিগণের সমন্বয়ে ব্যাংক হিসাব পরিচালিত হবে।

ক্রমিকনং	**ব্যাংক হিসাবনং ও শাখার নাম**	**বর্তমান হিসাব পরিচালনাকারীদের নাম**	**পরিবর্তিত হিসাবে পরিচালনা কারীদের নাম ও পদবী**
০১	ইজিপিপি-২০০০০০৫৫৩ সোনালী ব্যাংক চর লরেঞ্চ শাখা	এ.এইচ.এমআহসান উল্যাহ হিরন চেয়ারম্যান মোঃ সাইফুল ইসলাম ইউপি সচিব	এ.কে.এম নুরুল আমিন চেয়ারম্যান মোঃ সাইফুল ইসলাম ইউপি সচিব
০২	ভূমি হস্তান্তর কর ১%-২০০০০০৬১৫ সোনালী ব্যাংক চর লরেঞ্চ শাখা	এ.এইচ.এমআহসান উল্যাহ হিরন চেয়ারম্যান মোঃ সাইফুল ইসলাম ইউপি সচিব	এ.কে.এম নুরুল আমিন চেয়ারম্যান মোঃ সাইফুল ইসলাম ইউপি সচিব
০৩	জন্ম নিবন্ধন-২০০০০০৬৮১ সোনালী ব্যাংক চর লরেঞ্চ শাখা	এ.এইচ.এমআহসান উল্যাহ হিরন চেয়ারম্যান মোঃ সাইফুল ইসলাম ইউপি সচিব	এ.কে.এম নুরুল আমিন চেয়ারম্যান মোঃ সাইফুল ইসলাম ইউপি সচিব
০৪	হাটবাজার উন্নয়ন-২০০০০০৬৮৯ সোনালী ব্যাংক চর লরেঞ্চ শাখা	এ.এইচ.এমআহসান উল্যাহ হিরন চেয়ারম্যান মোঃ সাইফুল ইসলাম ইউপি সচিব	এ.কে.এম নুরুল আমিন চেয়ারম্যান মোঃ সাইফুল ইসলাম ইউপি সচিব

০৫	নিজস্ব উন্নয়ন তহবিল-২০০০০০৬৯০ সোনালী ব্যাংক চর লরেঞ্চ শাখা	এ.এইচ.এমআহসান উল্যাহ হিরন চেয়ারম্যান মোঃ সাইফুল ইসলাম ইউপি সচিব	এ.কে.এম নুরুল আমিন চেয়ারম্যান মোঃ সাইফুল ইসলাম ইউপি সচিব
০৬	এলজিএসপি-২০০০০০৫৮৬ সোনালী ব্যাংক কমলনগর শাখা	এ.এইচ.এমআহসান উল্যাহ হিরন চেয়ারম্যান মোঃ সাইফুল ইসলাম ইউপি সচিব রোকেয়া বেগম ইউপি সদস্যা সং-০২	এ.কে.এম নুরুল আমিন চেয়ারম্যান মোঃ সাইফুল ইসলাম ইউপি সচিব রেশমা আক্তার রুবি ইউপি সদস্যা সং-০২
০৭	৩নং চর লরেঞ্চ ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল ৩৯০৪০০২০০০৬৫৫সোনালী ব্যাংক চর লরেঞ্চ শাখা	এ.এইচ.এমআহসান উল্যাহ হিরন চেয়ারম্যান মোঃ সাইফুল ইসলাম ইউপি সচিব	এ.কে.এম নুরুল আমিন চেয়ারম্যান মোঃ সাইফুল ইসলাম ইউপি সচিব

০৭। **প্যানেল চেয়ারম্যান গঠন সংক্রান্ত আলোচনাঃ** ইউনিয়ন পরিষ আইন অনুযায়ী ইউপি সচিব সাহেব জানান যে, প্রথম সভার এক মাসের মধ্যে প্যানেল চেয়ারম্যান গঠন করার বিধান রয়েছে। এই ব্যপারে ব্যপক আলোচনা হয়। আলোচনা শেষে সভার সভাপতি সাহেব জানান যে, আমরা আগামী মাসিক সভায় উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করব।

০৮। **সরকারী আইন,বিধি,পরিপত্র ও নির্দেশনা সম্পর্কে আলোচনাঃ** সভাপতি সাহেব জানান যে, সরকারী আইন বিধি ও পরিপত্র ও নির্দেশনা মেনে আমাদেরকে চলতে হবে ও মানতে হবে। সরকারী ও আইন বিধি পরিপত্র ও নির্দেশনার বাহিরে কোন কাজ করা যাবেনা। সবাইকে এই ব্যপারে সচেতন হওয়ার জন্য আহবান জানান।

০৯। বিবিধঃ বিবিধ আলোচনা নাই।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয়না থাকায় সভাপতি সাহেব সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন এবং অত্র সভার কার্য বিবরণী আগামী ০৩ কার্য দিবসের মধ্যে প্রস্তুত করে এরকপি উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সহ সংশ্লিষ্ট সকলের নিকট আগামী ০৭ কার্য দিবসের মধ্যে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে ইউপি সচিব কে বলা হলো।

(এ.কে.এম নুরুল আমিন)
চেয়ারম্যান
৩নং চর লরেঞ্চ ইউনিয়ন পরিষদ
কমলনগর, লক্ষ্মীপুর।

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

০১। জেলা প্রশাসক,লক্ষ্মীপুর।
০২। উপ-পরিচালক(উপ সচিব) স্থানীয় সরকার লক্ষ্মীপুর।
০৩। উপজেলা চেয়ারম্যান, কমলনগর, লক্ষ্মীপুর।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, কমলনগর, লক্ষ্মীপুর।
০৫। জনাব তৈয়বুর রহমান, প্রধান উদ্যোক্তা, ইউডিসি, (ইউনিয়ন ওয়েব পোর্টালে আপলোড করার জন্য) ।
০৬। নোটিশ বোর্ড।
০৭। অফিস কপি।

(এ.কে.এম নুরুল আমিন)
চেয়ারম্যান
৩নং চর লরেঞ্চইউনিয়নপরিষদ
কমলনগর, লক্ষ্মীপুর।